

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখপত্র

[www.sec.gov.bd](http://www.sec.gov.bd)

সূত্র নং- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/২১৫

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
৩০ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বিএসইসি'র ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান প্রসঙ্গে।**

ঈদ-উল-ফিতর ২০২৬ পরবর্তী অদ্য ৩০ মার্চ ২০২৬ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সকল কর্মকর্তাবৃন্দ ও কর্মচারীবৃন্দের অংশগ্রহণে বিএসইসি'র ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বেলা ১২:০০ ঘটিকায় রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার মুঃ মোহসিন চৌধুরী, কমিশনার মোঃ আলী আকবর, কমিশনার ফারজানা লালারুখ ও কমিশনার মোঃ সাইফুদ্দিন, সিএফএ-সহ বিএসইসি'র সকল স্তরের কর্মকর্তাবৃন্দ ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানের শুরুতে বিএসইসি'র চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণ বিএসইসি'র সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সাথে ঈদ শুভেচ্ছা বিনিময় করেন। বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার মুঃ মোহসিন চৌধুরী, কমিশনার মোঃ আলী আকবর, কমিশনার ফারজানা লালারুখ ও কমিশনার মোঃ সাইফুদ্দিন, সিএফএ এবং বিএসইসি'র নির্বাহী পরিচালক, পরিচালক, অতিরিক্ত পরিচালক, যুগ্ম পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালকসহ সকল গ্রেডের কর্মচারীবৃন্দ উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন। অনুষ্ঠানের শেষাংশে দেশ ও জাতির সমৃদ্ধি ও সার্বিক কল্যাণ কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। একইসঙ্গে দেশের অর্থনীতি ও পুঁজিবাজারের উন্নয়ন ও স্থিতিশীলতা এবং বিনিয়োগকারীদের কল্যাণ কামনা করেও দোয়া করা হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মোঃ আবুল কালাম  
পরিচালক ও মুখপাত্র

৩০/০৩/২০২৬

